রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুন ১৬, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক মন্ত্রণালয়

শাখা-মহিলা বিষয়ক-১

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ ১৩৯৭/১৩ই জুন ১৯৯০

নং এস, আর, ও ২ ১৫-আই ন/৯০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ কর্ম কমিশনের সহিত আলোচনাক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবেন,

(ঘ) "নির্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে,

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে,



মূল্য: টাকা ১·২০

(চ) "শিক্ষানবীস" বলিতে নির্দিষ্টকৃত পদে শিক্ষানবীস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে, এবং

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধি—উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি। (১)—তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে,

(খ) পদোন্নতির মাধ্যমে, অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ—ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের আওতাভুক্ত পদসমূহের ক্ষেত্রে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতাবহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি —

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল্ড না হন:

তবে যে ব্যক্তি পূর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন, তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না।

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের বলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্টকৃত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা ক্ষেত্রমত, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্ত মোতাবেক যথাযথ ফরমে যদি থাকে, ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণীর পদ হইতে দ্বিতীয় শ্রেণীর পদে এবং দ্বিতীয় শ্রেণীর পদ হইতে প্রথম শ্রেণীর পদে পদোন্নতির ক্ষেত্রে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবীস।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্টকৃত পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবীস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন,

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে (৪) উপ বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন, এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্টকৃত পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগের পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক, স্কেল-৪২০০—৫২৫০ টাকা (নতুন) | অনূর্ধ ৪৫ বৎসর। বিশেষভাবে উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে শিথিল যোগ্য। | অতিরিক্ত পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে বি,সি,এস ক্যাডারভুক্ত অথবা ক্যাডার বহির্ভূত সমপদমর্যাদা ও বেতন স্কেলের সরকারী কর্মকর্তাদের মধ্যে হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে অথবা সরাসীর নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞসহ ১ম শ্রেণীর পদে ১২ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত-প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে ১ম শ্রেণীর মাষ্টার ডিগ্রী অথবা ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীতে মাষ্টার ডিগ্রী। বড় ধরণের কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত বেসরকারী প্রতিষ্ঠানে সমাজ কল্যাণ ও মহিলা উন্নয়ন কর্মকাণ্ডে এবং প্রশাসনিক কাজে ১৫ বৎসরের অভিজ্ঞতা। মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২ | অতিরিক্ত পরিচালক, স্কেল-৩৭০০—৪৮২৫ টাকা (নতুন) | .. | উপ-পরিচালক এবং জাতীয় মহিলা উন্নয়ন একাডেমীর অধ্যক্ষ পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে বি, সি, এস ক্যাডারভুক্তঅথবা ক্যাডার বহির্ভূত সমপদ মর্যাদা এবং বেতন স্কেল-এর সরকারী কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | ফিডার পদে পদ সমূহে ন্যূনতমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর পদে ১০ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | উপ-পরিচালক/জাতীয় মহিলা উন্নয়ন ও প্রশিক্ষণ একাডেমীর অধ্যক্ষ, স্কেল-২৮০০—৪৪২৫ টাকা (নতুন) | .. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা এবং হোষ্টেল সুপারিনটেনডেন্ট পদ হইতে প্রাধীকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | ১ম শ্রেণীর পদে ন্যূনতম ৭ বৎসরের চাকুরী। |
| ৪ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, স্কেল-২৪০০—৩৬০০ টাকা (নতুন) | .. | সহকারী পরিচালক, হোষ্টেল সুপারিনটেনডেন্ট, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং প্রোগ্রাম অফিসার পদ হইতে পদাধীকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | ১ম শ্রেণীর পদে ন্যূনপক্ষে ৪ বৎসরের অথবা ২য় শ্রেণীর সমমানের পদে ন্যূনপক্ষে ১৩ বৎসরে চাকুরী। |
| ৫ | (ক) সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন, শরিয়ত এবং আইনগত অধিকার)/(অর্থ)/স্বেচ্ছা-সেবী প্রতিষ্ঠানসমূহের নিবন্ধীকরণ)/(প্রকল্প পরিকল্পনা)/(জাতীয় মহিলা প্রশিক্ষণ এবং উন্নয়ন একাডেমী) (জনসংযোগ) (মূল্যায়ন ও এ্যাপ্রাইজাল) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নুতন) | অনুর্দ্ধ— ২৭ বৎসর (পুরুষ) ৩০ বৎসর (মহিলা) | (ক) ৮০% উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার/লাইব্রেরীয়ান/প্রবেশন অফিসার/প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা পদ হইতে প্রাধীকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার/লাইব্রেরীয়ান/প্রবেশন অফিসার পদে ৫ বৎসর, প্রশাসনিক কর্মকর্তা পদে ৮ বৎসর এবং হিসাব রক্ষণ কর্মকর্তা পদে ১০ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত-প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| | (খ) সহকারী পরিচালক (বাণিজ্যিক আর্ট ও ডিজাইন) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন) | ঐ | বাণিজ্যিক আর্ট ও ডিজাইন বিভাগের সিনিয়র ইনষ্ট্রাক্টর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি-যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগ অথবা সমপদ- | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৮ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন অনুমোদিত চারুকলা মহাবিদ্যালয় হইতে চারুকলায় ডিপ্লোমা।. মহিলা |

| | | | |
|---|---|---|---|
| | | মর্যাদা ও বেতন স্কেলভুক্ত সরকারী/আধাসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (গ) সহকারী পরিচালক (সংশোধন, প্রশিক্ষণ ও কর্মসংস্থান সংক্রান্ত) স্কেল—১৬৫০—৩০২০ টাকা. (নতুন) | ... | বি, সি, এস (প্রশাসন) ক্যাডারের সমপদ মর্যাদা ও বেতন স্কেলভুক্ত কর্মকর্তা (ম্যাজিষ্ট্রেট)-দের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | |
| (ঘ) সহকারী পরিচালক (হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন) | অনূর্ধ—<br>২৭ বৎসর (পুরুষ)<br>৩০ বৎসর (মহিলা) | হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ বিভাগের সিনিয়র ইনষ্ট্রাক্টর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগ অথবা সরকারী/আধা-সরকারী দপ্তরের সমপদমর্যাদা ও বেতন স্কেলভুক্ত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী/নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে নূন্যপক্ষে ৮ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে নূন্যপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমা। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| (ঙ) সহকারী পরিচালক (দপ্তর বিজ্ঞান সংক্রান্ত) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন) | ঐ | দপ্তর বিজ্ঞান বিভাগের সিনিয়র ইনসট্রাক্টর পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সরকারী/আধাসরকারী দপ্তরের সমপদমর্যাদা ও বেতন স্কেলভুক্ত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলী-নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে নূন্যপক্ষে ৮ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে দপ্তর বিজ্ঞান-এ ডিপ্লোমা। মহিলা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬ | (ক) গবেষণা কর্মকর্তা (পুষ্টি/গৃহভিত্তিক অর্থকরী কার্যক্রম) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন)। | অনূর্ধ্ব ২৭ বৎসর (পুরুষ) ৩০ বৎসর (মহিলা) | (ক) ৫০% সহকারী গবেষণা কর্মকর্তা (পুষ্টি/গৃহভিত্তিক অর্থকরী কার্যক্রম) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পুষ্টি বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>অথবা<br>কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতিতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পুষ্টি বিজ্ঞান-এ ডিপ্লোমা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। মহিলা প্রার্থীদেরকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হইবে। |
| | (খ) গবেষণা কর্মকর্তা (গৃহসেবা) স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন)। | .. | সহকারী গবেষণা কর্মকর্তা (গৃহসেবা) এবং প্রবেশন অফিসার (মনো বিজ্ঞানী) পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ৭ | হোষ্টেল সুপারিনটেনডেন্ট স্কেল—১৬৫০—৩০২০ টাকা (নতুন)। | অনূর্ধ্ব— ৩০ বৎসর (মহিলা) | (ক) ৭০% ভাগ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও প্রোগ্রাম অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য : ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | (খ) ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | গ্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর গ্নাতকোত্তর ডিগ্রী। কেবলমাত্র মহিলা প্রার্থীদের মধ্যে হইতে বিবেচনা করা হইবে। |
| ৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা স্কেল—১৩৫০—২৭৫০ টাকা (নতুন) | ঐ | (ক) ২০% সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর, ট্রেড ইন্সট্রাক্টর, প্রধান সহকারী, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক-কাম উচ্চমান সহকারী, সাঁটলিপিকার, সাঁট মুদ্রাক্ষরিক এবং ডে-কেয়ার-ইনচার্জ পদ হইতে প্রাধিকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে ন্যূনপক্ষে ৫ বৎসর বা সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে চাকুরীসহ ট্রেড ইন্সট্রাক্টর পদে ন্যূনপক্ষে ৬ বৎসর, ট্রেড ইন্সট্রাক্টর/প্রধান সহকারী পদে ন্যূনপক্ষে ৭ বৎসর অথবা অন্যান্য পদে ৮ বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |
| | | | (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত-প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সমাজবিদ্যা/রাষ্ট্রবিজ্ঞান/সমাজকল্যাণ/মনোবিজ্ঞান/অর্থনীতি/গার্হস্থ্য অর্থনীতি/পাবলিক এডমিনিষ্ট্রেশনে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর গ্নাতকোত্তর ডিগ্রী। সমাজ সেবামূলক কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হইবে। |
| ৯ | প্রবেশন অফিসার (মনোবিজ্ঞানী) স্কেল ১৩৫০—২৭৫০ টাকা (নতুন) | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে মনোবিজ্ঞানে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর গ্নাতকোত্তর ডিগ্রী। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০ | সহকারী গবেষণা কর্মকর্তা (পুষ্টি ও গৃহভিত্তিক অর্থকরী কার্যক্রম) স্কেল ১৩৫০—২৭৫০ টাকা (নতুন)। | অনূর্ধ— ৩০ বৎসর (মহিলা) | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতিতে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। পুষ্টি বিজ্ঞানে ডিপ্লোমা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হইবে। |
| ১১ | সহকারী গবেষণা কর্মকর্তা (গৃহসেবা) স্কেল ১৩৫০—২৭৫০ টাকা (নতুন) | ঐ | ঐ | কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গার্হস্থ্য অর্থনীতিতে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। নার্সিং-এ অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হইবে। |
| ১২ | লাইব্রেরীয়ান স্কেল ১৩৫০—২৭৫০ টাকা (নতুন)। | ঐ | ঐ | কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে ডিগ্রী। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ১৩ | প্রোগ্রাম অফিসার স্কেল ১৩৫০—২৭৫০ টাকা (নতুন)। | ঐ | (ক) ৭০% সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর, ট্রেড ইন্সট্রাক্টর, প্রধান সহকারী, উচ্চমান সহকারী, হিসাবরক্ষক-কাম-উচ্চমান সহকারী, সাটলিপি- | (ক) পদোন্নতির জন্য: ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস। সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে ন্যূনপক্ষে ৫ বৎসর বা সিনিয়র ট্রেড ইন্সট্রাক্টর পদে চাকুরীসহ ট্রেড ইন্সট্রাক্টর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | কার, সীট মুদ্রাকরিক এবং ডে-কেয়ার-ইনচার্জ পদ হইতে প্রাধীকার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | পদে ন্যূনপক্ষে ৬ বৎসর, ট্রেড ইনস্ট্রাক্টর/প্রধান সহকারী পদে ন্যূনপক্ষে ৭ বৎসর অথবা অন্যান্য পদে ৮ বৎসর চাকুরীর অভিজ্ঞতা। |
| | | | (খ) ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সমাজ বিদ্যা/রাষ্ট্র বিজ্ঞান/সমাজকল্যাণ/মনোবিজ্ঞান/অর্থনীতি/গার্হস্থ্য অর্থনীতি/পাবলিক এ্যাডমিনিস্ট্রেশনে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। সমাজ সেবামূলক কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ১৪ | প্রশাসনিক কর্মকর্তা স্কেল ১০০০—২২৮০ টাকা (নতুন)। | | প্রধান সহকারী ও সাটলিপিকার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ১৫ | সিনিয়র ইনস্ট্রাক্টর (ট্রেড) (বৃত্তিমূলক বাণিজ্যিক শিল্প ও নকসা শাখা) স্কেল ১০০০—২২৮০ টাকা (নতুন) | অনূর্ধ—৩০ বৎসর (মহিলা) | ট্রেড ইনস্ট্রাক্টর পদধারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য: কোন অনুমোদিত চারুকলা মহাবিদ্যালয় হইতে চারুকলায় ন্যূনপক্ষে ডিপ্লোমা। কেবল মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬ | সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) (হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা) স্কেল ১০০০—২২৮০ টাকা (নতুন) | অনূর্ধ— ৩০ বৎসর (মহিলা) | ট্রেড ইন্সট্রাক্টর পদধারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : বাংলাদেশ ক্ষুদ্রশিল্প সংস্থা, মহিলা বিষয়ক পরিদপ্তর বা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে ডিপ্লোমা। কেবলমাত্র মহিলা প্রার্থীদেরকে বিবেচনা করা যাইবে। |
| ১৭ | সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) (দপ্তর বিজ্ঞান শাখা) স্কেল ১০০০—২২৮০ টাকা (নতুন) | অনূর্ধ– ৩০ বৎসর (মহিলা) | ট্রেড ইন্সট্রাক্টর পদধারীদের মধ্য–হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য: ফিডার পদে ন্যূন–পক্ষে ৫ বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতী-প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনপক্ষে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে দপ্তর বিজ্ঞানে ডিপ্লোমা। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ১৮ | হিসাব রক্ষণ কর্মকর্তা স্কেল ৯০০—২০৭৫ টাকা (নতুন) | .. | হিসাব রক্ষণ, হিসাব রক্ষক-তথা-উচ্চমান সহকারী এবং ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে/পদসমূহে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | ট্রেড ইনস্ট্রাক্টর (জেলা)<br>স্কেল ৮৫০—১৭০০ টাকা<br>(নতুন) | অনূর্ধ–<br>৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে নূন্যপক্ষে ডিপ্লোমা এবং যে যে ট্রেডে ডিপ্লোমা কোর্স চালু হয় নাই সেই সব ক্ষেত্রে নূন্যপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতার সনদপত্র। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২০ | প্রধান সহকারী<br>স্কেল ৮৫০—১৭০০ টাকা<br>(নতুন) | .. | উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-তথা-হিসাব রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে/পদসমূহে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ২১ | ডে-কেয়ার ইনচার্জ<br>স্কেল ৮০০—১৬৩০ টাকা<br>(নতুন) | অনুর্ধ–<br>৩০ বৎসর<br>(মহিলা) | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রাপ্ত বোর্ড হইতে এইচ, এস, সি পাস।<br>অথবা<br>এস, এস, সি পাস এবং শিশুযত্ন কর্মসূচী এবং নার্সিং-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কেবলমাত্র মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ২২ | উচ্চমান সহকারী/হিসাব রক্ষক-কাম-উচ্চমান সহকারী/<br>হিসাব রক্ষক।<br>স্কেল ৮০০-১৬৩০ টাকা<br>(নতুন) | .. | ষ্টোর কিপার-কাম-বিক্রয় সহকারী, হিসাব সহকারী এবং নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদ হইতে নিম্নরূপ কোটাভিত্তিক পদোন্নতির মাধ্যমে—<br>(ক) ২০% ষ্টোর কিপার-কাম-বিক্রয় সহকারীদের মধ্য হইতে এবং | ষ্টোর কিপার-কাম-বিক্রয় সহকারী পদে ন্যূনতম পক্ষে ৩ বৎসর এবং হিসাব সহকারী/ নিম্নমান সহকারী-নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের। চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৮০% হিসাব সহকারী এবং নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | |
| ২৩ | ক্যাশিয়ার/ষ্টোর কিপার স্কেল ৮০০—১৬৩০ টাকা (নতুন) | .. | হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনপক্ষে ৫ বৎসরের চাকুরী। |
| ২৪ | ফটোগ্রাফার স্কেল ৭৫০—১৫৫০ টাকা (নতুন) | অনুর্ধ—<br>২৭ বৎসর (পুরুষ)<br>৩০ বৎসর (মহিলা) | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস এবং ফটোগ্রাফিতে প্রশিক্ষণসহ ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৫ | সাঁটলিপিকার স্কেল ৮৫০—১৭০০ টাকা (নতুন) | ঐ | ঐ | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাসসহ ইংরেজীতে প্রতি মিনিটে ৮০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ৩০ শব্দ টাইপ করার/বাংলা ৫০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৫ শব্দ টাইপ করার গতি। |
| ২৬ | সাঁটমুদ্রাক্ষরিক স্কেল ৮০০—১৬৩০ টাকা (নতুন) | ঐ | ঐ | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাসসহ ইংরেজীতে প্রতি মিনিটে ৭০ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৮ শব্দ টাইপ করার/বাংলা প্রতি মিনিটে ৪৫ শব্দ সাঁটলিপি গ্রহণ এবং ২৫ শব্দ টাইপ করার গতি। |
| ২৭ | গাড়ী চালক স্কেল ৭০০—১৪১৫ টাকা (নতুন) | ঐ | ঐ | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং গাড়ী চালনার বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনায় ন্যূনপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৮ | গাড়ী চালক-তথা-প্রজেক্টশনিষ্ট<br>স্কেল ৭০০—১৪১৫ টাকা<br>(নতুন) | ঐ | ঐ | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং গাড়ী চালনার বৈধ লাইসেন্সসহ গাড়ী ও প্রজেক্টর চালনায় ন্যূনপক্ষে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৯ | ষ্টোরকিপার-তথা-বিক্রয় সহকারী<br>স্কেল ৭৫০—১৫৫০ টাকা<br>(নতুন) | | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এবং হিসাব সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূনপক্ষে ৩ বৎসরের চাকুরী। |
| ৩০ | হিসাব সহকারী<br>স্কেল ৭০০—১৪১৫ টাকা<br>(নতুন) | অনুর্ধ—<br>২৭ বৎসর (পুরুষ)<br>৩০ বৎসর (মহিলা) | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) পরীক্ষায় উত্তীর্ণ। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩১ | নিম্নমান-সহকারী-কাম-মুদ্রাক্ষরিক<br>স্কেল ৭০০—১৪১৫ টাকা<br>(নতুন) | ঐ | (ক) ২০% এম, এল, এস, এস, এবং দারোয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতি যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।<br>(খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির জন্য : ন্যূনপক্ষে এস, এস, সি পরীক্ষায় পাসসহ ফিডার পদে ৫ বৎসরের অভিজ্ঞতা এবং প্রতি মিনিটে ইংরেজীতে ২৮ শব্দ/বাংলায় ২০ শব্দ টাইপ করার গতি।<br>(খ) সরাসরি নিয়োগের জন্য : ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং প্রতি মিনিটে ইংরেজীতে ২৮ শব্দ/বাংলায় ২০ শব্দ টাইপ করার গতি। |
| ৩২ | ফটোষ্ট্যাট মেশিন অপারেটর<br>স্কেল ৬০০—১১১০ টাকা<br>(নতুন) | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাসসহ ফটোষ্ট্যাট মেশিন অপারেটিং এর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| --- | --- | --- | --- | --- |
| ৩৩ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর স্কেল ৬০০—১১১০ টাকা (নতুন) | .. | এম, এল, এস, এস এবং দারোয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৪ | বাবুর্চি স্কেল ৫৫০—৯৬০ টাকা (নতুন) | অনুর্ধ— ২৭ বৎসর (পুরুষ) ৩০ বৎসর (মহিলা) | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পাস এবং বাবুর্চি কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৫ | এম, এল, এস, এস/দারোয়ান স্কেল ৫০০—৮৬০ টাকা (নতুন) | ঐ | ঐ | ন্যূনপক্ষে অষ্টম শ্রেণী পাস। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আতাউল হক**
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার [illegible] করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।